



ভন্ডি পথে টাকা লেনদেন বন্ধ করি সবাই মিলে সুন্দর একটা দেশ গড়ি

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স
ইউনিট (বিএফআইইউ) এর ২০ বছর পূর্তিতে
HBL এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা

HBL

HABIB BANK
হাবিব ব্যাংক



মানিলান্ডারিং ও সন্ত্রাস সু-সমাজের বাহুগ্রাস

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স
ইউনিট (বিএফআইইউ) এর ২০ বছর পূর্তিতে
HBL এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা

HBL

HABIB BANK
হাবিব ব্যাংক

Be Aware of Money Laundering & Terrorist Financing!

Combating money laundering and terrorist financing is a key element in promoting a strong, sound and stable financial sector.

Money Laundering:

1. Knowingly moving, converting, or transferring proceeds of crime or property involved in an offence for the following purposes:-
 - (a) Concealing or disguising the illicit nature, source, location, ownership or control of the proceeds of crime; or
 - (b) Assisting any person involved in the commission of the predicate offence to evade the legal consequences of such offence.
2. Smuggling money or property earned through legal or illegal means to a foreign country;
3. Converting or moving or transferring property with the intention to instigate or assist for committing a predicate offence;
4. Acquiring, possessing or using any property, knowing that such property is the proceeds of a predicate offence.

Terrorist Financing:

If any person or entity willfully provides, receives, collects or makes arrangements for money, service or any other property, whether from legitimate or illegitimate source, by any means, directly or indirectly, with the intention that, it would in full or in part, be used to carry out terrorist activity shall be treated as terrorist financing.

“Predicate Offence(s)” includes but is not limited to corruption and bribery, tax evasion, illegal trade, black marketing, racketeering etc.

Offence of Money Laundering and Punishment:

The commission of a predicate offence related to Money Laundering and Terrorist Financing is cognizable and Non-bailable offence under Anti Money Laundering act 2012

মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে এগিয়ে আসুন

টেকসই ও মজবুত অর্থনৈতিক খাত এবং সামাজিক ও রাজনৈতিক স্থিতি গঠনে মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ একটি গুরুত্বপূর্ণ বিষয়।

মানি লন্ডারিং এর অর্থঃ

- ১। নিম্ন লিখিত অপরাধের সাথে সম্পৃক্ত সম্পত্তি জ্ঞাতসারে স্থানান্তর, রূপান্তর বা হস্তান্তর।
 - ক) অপরাধ লব্ধ আয়ের অবৈধ প্রকৃতি, উৎস, অবস্থান, মালিকানা ও নিয়ন্ত্রণ গোপন বা ছদ্মাবৃত্ত করা; অথবা
 - খ) অপরাধ সংগঠনে জড়িত কোন ব্যক্তিকে আইনগত ব্যবস্থা গ্রহণ হতে রক্ষার উদ্দেশ্যে সহায়তা করা।
- ২। বৈধ বা অবৈধ উপায়ে অর্জিত অর্থ বা সম্পত্তি নিয়ম বর্হিভূত ভাবে বিদেশে পাচার করা।
- ৩। অপরাধ সংগঠনে প্ররোচিত করা বা সহায়তা করার অভিপ্রায়ে কোন বৈধ বা অবৈধ সম্পত্তির রূপান্তর, স্থানান্তর বা হস্তান্তর করা।
- ৪। অপরাধ হতে অর্জিত জানা সত্ত্বেও এ ধরনের সম্পত্তি গ্রহণ, দখলে নেওয়া বা ভোগ করা।

সন্ত্রাসে অর্থায়ন এর অর্থঃ

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বৈধ বা অবৈধ উপায়ে অর্জিত অর্থ বা সেবা অথবা অন্যান্য সম্পত্তি জ্ঞাতসারে যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান, সংগ্রহ বা ব্যবস্থাপনা করে যা প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে সম্পূর্ণ বা আংশিক ভাবে সন্ত্রাসী কর্মকাণ্ডে ব্যবহৃত হয়-তা সন্ত্রাসে অর্থায়ন হিসাবে বিবেচিত।

“অপরাধমূলক কর্মকাণ্ড” যথাঃ দুর্নীতি, ঘুষ, কর ফাঁকি, অবৈধ ব্যবসা, কালো বাজারী, জালজালিয়াতি সহ অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ড যা MLP এবং ATA তে উল্লেখিত।

মানি লন্ডারিং অপরাধ ও দণ্ডঃ

মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ এর অধীন অপরাধ সমূহ আমলযোগ্য এবং অ-জামিনযোগ্য (Non Bailable) হবে।

Please refer to the links below for detail acts, Guidelines regarding prevention of Money Laundering & Combating Terrorist Financing:

-Acts: <http://www.bangladesh-bank.org/aboutus/regulationguideline/lawsacts.php>

-Guidelines: <http://www.bangladesh-bank.org/aboutus/regulationguideline/guidelist.php>

HBL

HABIB BANK
হাবিব ব্যাংক

মানিলান্ডারিং ও সন্ত্রাস সু-সমাজের বাহুগ্রাস

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল
ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)
এর ২০ বছর পূর্তিতে HBL এর
পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা

ভুন্ডি পথে টাকা লেনদেন বন্ধ করি সবাই মিলে সুন্দর একটা দেশ গড়ি।

মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন
প্রতিরোধে এগিয়ে আসুন

হিসাব খোলার সঠিক তথ্য দিতে হবে।

নিজের হিসাবে অন্যকে লেনদেন
করতে দেয়া যাবে না।

নিজের নামে অন্যকে লেনদেন করতে
দেয়া যাবে না।

নিজের হিসাবের পিন নাম্বার অন্যকে
দেয়া যাবে না।

ভুন্ডি প্রতিরোধ করি।

বৈধ পথে রেমিট্যান্স আনয়ন।

অর্থ পাচার রোধ করি।

HBL

HABIB BANK
হাবিব ব্যাংক

সচেতনতামূলক বিজ্ঞপ্তি

বাংলাদেশ সরকার অবৈধ অর্থ/সম্পদ আহরণ, অর্থ/সম্পদ পাচার বা মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ জারি করেছে। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর সার্বিক তত্ত্বাবধানে সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাসমূহের মাধ্যমে উক্ত আইনদ্বয় বাস্তবায়িত হচ্ছে।

মানিলন্ডারিং প্রতিরোধ আইনে উল্লিখিত নিম্নোক্ত সম্পৃক্ত অপরাধসমূহের সাথে জড়িত অর্থ/সম্পদ ও সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান এর বিষয়ে সতর্ক থাকুন:

দুর্নীতি ও ঘুষ	অপহরণ, অবৈধভাবে আটকে রাখা ও পণবন্দী করা	কর সংক্রান্ত অপরাধ
মুদ্রা জালকরণ	খুন, মারাত্মক শারীরিক ক্ষতি	মেধাঘত্ব লংঘন
দলিল দস্তাবেজ জালকরণ	নারী ও শিশু পাচার	সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান
চাঁদাবাজি	চোরাকারবার	ভেজাল বা স্বত্ব লংঘন করে পণ্য উৎপাদন
প্রতারণা	দেশী ও বিদেশী মুদ্রা পাচার	পরিবেশগত অপরাধ
জালিয়াতি	চুরি বা ডাকাতি বা দস্যুতা বা জলদস্যুতা বা বিমান দস্যুতা	যৌন নিপীড়ন
অবৈধ অস্ত্রের ব্যবসা	মানব পাচার	ইনসাইডার ট্রেডিং ও মার্কেট ম্যানুপুলেশন
অবৈধ মাদক ও নেশা জাতীয় দ্রব্যের ব্যবসা	যৌতুক	সংঘবদ্ধ অপরাধ/সংঘবদ্ধ অপরাধী দলে অংশগ্রহণ
চোরাই ও অন্যান্য দ্রব্যের অবৈধ ব্যবসা	চোরাচালানী ও স্তম্ভ সংক্রান্ত অপরাধ	ভীতি প্রদর্শনের মাধ্যমে অর্থ আদায়

▶ আপনার হিসাবের গোপন তথ্য যেমন: একাউন্ট নম্বর/ব্যালেন্স, চেক বই, কার্ড নম্বর, পিন নম্বর, পাসওয়ার্ড ইত্যাদি অন্য কাউকে দেয়া থেকে বিরত থাকুন। ব্যাংকের কর্মকর্তাগণ কখনোই আপনার কাছে এসব তথ্য জানতে চায় না। একই সাথে নিজের একাউন্টে অন্য কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে লেনদেন করার সুযোগ প্রদান হতে বিরত থাকুন।

▶ হুন্ডি কার্যক্রম দেশের অর্থনীতির জন্য ক্ষতিকর। হুন্ডির মাধ্যমে অর্থ প্রেরণ, অর্থ গ্রহণ ও হুন্ডির কাজে সহায়তাকরণ- মানিলন্ডারিং প্রতিরোধ আইনে শাস্তিযোগ্য অপরাধ।

▶ অননুমোদিত বৈদেশিক বাণিজ্য, আন্তর্জাতিক নিষেধাজ্ঞা (Sanctions) লঙ্ঘন, ও ভার্চুয়াল মুদ্রা এর অবৈধ লেনদেন থেকে বিরত থাকুন।

▶ উপরোক্ত অবৈধ কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে নিরীহ গ্রাহকগণ/ব্যাংকসমূহ অসৎ ব্যক্তি কর্তৃক প্রভাবিত হতে পারে। সুতরাং ব্যাংকে হিসাব (একাউন্ট) খোলা, গ্রাহক পরিচিতি ও লেনদেন সম্পর্কিত সঠিক এবং পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ ও সংরক্ষণে অধিকতর সচেতন এবং তৎপর থেকে ব্যাংক কর্তৃপক্ষকে তথ্য দেশকে সহায়তা করুন।

▶ তথ্য হালনাগাদ এর জন্য বৈধ ফটো আইডি এবং অন্যান্য তথ্যাদি ব্যাংকের নিকটস্থ শাখায় গিয়ে দাখিল করুন।

▶ ই-কমার্স প্যাটফর্ম এ লেনদেনের পূর্বে সতর্কতা অবলম্বন করুন।

▶ উল্লিখিত বেআইনী কর্মকান্ড সংঘটন বা সংঘটনে সহযোগিতার মাধ্যমে আপনি মানিলন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ অনুযায়ী অর্থদণ্ডসহ সর্বোচ্চ ১২ বছর কারাদণ্ড এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ অনুযায়ী সন্ত্রাসী কর্মকান্ডের জন্য মৃত্যুদণ্ড ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের জন্য অর্থদণ্ডসহ ২০ বছরের কারাদণ্ডের ঝুঁকিতে পড়তে পারেন।

▶ আসুন আমরা সবাই ঘুষ, দুর্নীতি, মানিলন্ডারিং, সন্ত্রাস, জঙ্গীবাদসহ সকল আর্থিক অপরাধমুক্ত দেশ গড়তে প্রতিজ্ঞাবদ্ধ হই।

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর ২০ বছর পূর্তিতে

HBL এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা